গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

এসআরও নং ৭৮-আইন/২০১০ এবং ১৬৩-আইন/আয়কর/২০২০ দ্বারা এসআরওটি সংশোধিত।

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ় ১৪১৬ বঙ্গাব্দ/০১ জুলাই ২০০৯ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১৮৬-আইন/২০০৯।—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে, খুচরা যন্ত্রাংশসহ পূর্ণাঙ্গ ফ্রিজার, রেফ্রিজারেটর ও মোটর সাইকেল তৈরীর ক্ষমতাসম্পন্ন শিল্প প্রতিষ্ঠানের কেবল এই শিল্পের ব্যবসা হইতে অর্জিত আয়ের উপর প্রদেয় আয়কর হার, বাণিজ্যিক উৎপাদন শুরুর তারিখ হইতে ১২ (বারো) বৎসরের জন্য হ্রাস করিয়া ৫% এ নির্ধারণ করিল, যথা:-

শর্তসমূহ:

(ক) প্রতিষ্ঠানটি কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত হইতে হইবে;

(খ) করদাতা কোম্পানিকে অব্যাহতি সময়কালের সঙ্গে সম্পৃক্ত প্রত্যেক আয় বৎসরের জন্য সংশ্লিষ্ট সার্কেলে নিরীক্ষিত হিসাব বিবরণীসহ রিটার্ন দাখিল করিতে হইবে;

(গ) প্রতিষ্ঠানের নিজস্ব মোল্ড ও ডাইস, Poly urephene foaming plant, powder coating plant তৈরীর এবং বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট এর ব্যবস্থা থাকিতে হইবে;

(ঘ) বর্ণিত শিল্প প্রতিষ্ঠানটি জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং অব্যাহতির মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত এই অনুমোদন অব্যাহত থাকিতে হইবে;

(ঙ) অব্যাহতিপ্রাপ্ত আয়ের ২০% ঐ প্রতিষ্ঠানে বা নতুন কোন শিল্প প্রতিষ্ঠানে আয় বৎসর শেষ হইবার পরবর্তী এক বৎসরের মধ্যে বিনিয়োগ করিতে হইবে এবং অতিরিক্ত আরও ১০% প্রত্যেক আয় বৎসর শেষ হইবার পরবর্তী ৩ মাসের মধ্যে স্টক এক্সচেঞ্জে নিবন্ধিত কোন কোম্পানীর শেয়ার ক্রয়ে বিনিয়োগ করিতে হইবে;

(চ) Income Tax Ordinance, 1984 এর section 30 অনুযায়ী কোন আয় উদ্ভূত হইলে আয়কর প্রদান করিতে হইবে;

(ছ) Income Tax Ordinance, 1984 এর section 30 এর শর্তাবলী পরিপালন করিতে হইবে;

(জ) বর্ণিত শিল্প প্রতিষ্ঠানটি বিদ্যমান ব্যবসার পুনর্গঠন বা এইরূপ ব্যবসার বিভাজন দ্বারা গঠনকৃত শিল্প প্রতিষ্ঠান অথবা বাংলাদেশে বিদ্যমান ব্যবসা প্রতিষ্ঠান হইতে মেশিনারী অথবা স্থাপনা হস্তান্তরের মাধ্যমে গঠিত কোন শিল্প প্রতিষ্ঠান এর অন্তর্ভুক্ত হইবে না;

Scanned with CamScanner

(ঝ) এই প্রজ্ঞাপন অনুযায়ী অব্যাহতিপ্রাপ্ত কোন শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত কোন শর্ত/শর্তাবলী পরিপালনে ব্যর্থ হইলে জাতীয় রাজস্ব বোর্ড তৎকর্তৃক প্রদত্ত অনুমোদন প্রত্যাহার করিতে পারিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোঃ এমদাদুল হক
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

সংশোধনী এস,আর,ও-টি ২৫৯ ও ৬৭৯ *নং পৃষ্ঠায় দেখুন।*

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
S.R.O. No. 186/2009 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner